



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

'কৃষি ভবন'

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

অডিট বিভাগ

www.badc.gov.com

৯২ তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতিঃ জনাব মো: ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।

সভার তারিখ ও সময়ঃ ০৩ ডিসেম্বর, ২০১৮ খ্রি:, সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থানঃ সংস্থার সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা সংলগ্নি -১।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করার জন্য নিয়ন্ত্রক (অডিট) কে অনুমতি প্রদান করেন। নিয়ন্ত্রক (অডিট) কর্তৃক নিম্নোক্ত বিষয়ের ওপর উপস্থাপনের পর বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	বিগত ১৩ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৯১ তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ।	বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা সভায় উল্লেখ করা হলে উপস্থিত সকলে সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে একমত পোষণ করে।	বিগত ১৩ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৯১তম অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।	হিসাব পরীক্ষণ বিভাগ।
২।	বিভাগওয়ারী মাসিক অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠান।	বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বিভাগওয়ারী সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী প্রাপ্তির তথ্য উপস্থাপন করা হয়। আলোচনায় সভাপতি নির্দেশনা দেন যে, প্রতি মাসে বিভাগওয়ারী অডিট পর্যালোচনা সভা অনুষ্ঠান অব্যাহত থাকবে ও কার্যবিবরণী অডিট বিভাগে প্রেরণ করতে হবে। মাঠপর্যায়ে অফিস পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উক্ত অফিসের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আলোচনা ও পরামর্শ প্রদান করবেন।	অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিভাগীয় প্রধানগণ প্রতি মাসে সংশ্লিষ্ট বিভাগ ও তার আওতাধীন দপ্তরসমূহের অডিট আপত্তি এবং নিষ্পত্তিকল্পে পর্যালোচনা সভা করে কার্যবিবরণী প্রেরণ করবেন।	সংশ্লিষ্ট সকল বিভাগ।
৩।	বিএডিসি'র সূচনালগ্ন হতে ১৯৯০ সাল পর্যন্ত সংকলনভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।	বিগত সভার সিদ্ধান্তের আলোকে সার ব্যবস্থাপনা বিভাগ হতে ২টি ও ক্ষুদ্রসেচ বিভাগ হতে ৫টি সংকলনভুক্ত অনুচ্ছেদের পুনঃজবাব পাওয়া যায়। সভাপতি কার্যপত্রে তথ্য উপস্থাপনের ছক পরিবর্তনের নির্দেশ দেন। আলোচনায় উল্লেখ করা হয় যে, সার ব্যবস্থাপনা বিভাগের ১৬টি, ক্ষুদ্রসেচ বিভাগের ৫৭টি, সংরক্ষণ ও কারখানা বিভাগের ০২টি ও ক্রয় বিভাগের ০২টি আপত্তির জবাব পেন্ডিং রয়েছে। আপত্তি সংশ্লিষ্ট মামলার হালনাগাদ অগ্রগতিসহ এবং সংশ্লিষ্ট বিভাগের পেন্ডিং আপত্তি সমূহের পিএ কমিটি ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক পুনঃজবাব/কার্যপত্র আগামী সভার পূর্বেই প্রেরণের জন্য সভাপতি নির্দেশ দেন।	১। পিএ কমিটি ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট সকল বিভাগের পেন্ডিং আপত্তি সমূহের পুনঃজবাব/কার্যপত্র ৩০ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। ২। আগামী অডিট পর্যালোচনা সভায় সংশোধিত ছকে কার্যপত্রের তথ্যাদি উপস্থাপন করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগ। হিসাব পরীক্ষণ বিভাগ।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪।	১৯৯০-৯১ অর্থ বছর হতে ২০০৯-১০ অর্থ বছর পর্যন্ত আলোচিত/অনালোচিত সংকলনভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।	বিগত সভার সিদ্ধান্তের আলোকে বীজ বিতরণ বিভাগ ও নির্মাণ বিভাগ হতে কোন জবাব/কার্যপত্র পাওয়া যায়নি। সার ব্যবস্থাপনা বিভাগের ৪টি, ক্ষুদ্রসেচ বিভাগের ২টি, খামার বিভাগের ২টি ও হিসাব বিভাগের ১টি অনুচ্ছেদের পুনঃজবাব পাওয়া যায়। আলোচনায় উল্লেখ করা হয় যে, সার ব্যবস্থাপনা ৫৪টি, বীপ্রস ০১টি, উদ্যান ০২টি, খামার ৩৪টি, বীজ বিতরণ ০৩টি, ক্ষুদ্রসেচ ১০৬টি, নির্মাণ ০২টি, হিসাব, ০৭টি ও ক্রয় ০২টি আপত্তির জবাব পেন্ডিং রয়েছে। সভাপতি আলোচিত/অনালোচিত সংকলনভুক্ত আপত্তি সমূহের পিএ কমিটিতে ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত ও তথ্য পরবর্তি সভায় সংশোধিত ছকে উপস্থাপনের নির্দেশ দেন। পিএ কমিটি ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক পুনঃজবাব/কার্যপত্র আগামী সভার পূর্বেই প্রেরণের জন্য সভাপতি নির্দেশ দেন।	১। পিএ কমিটি ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট সকল বিভাগের পেন্ডিং আপত্তি সমূহের পুনঃজবাব/কার্যপত্র ৩০ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। ২। আলোচিত/অনালোচিত সংকলনভুক্ত আপত্তি সমূহের পিএ কমিটিতে ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত ও তথ্য আগামী অডিট পর্যালোচনা সভায় সংশোধিত ছকে কার্যপত্রের তথ্যাদি উপস্থাপন করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগ। হিসাব পরীক্ষণ বিভাগ।
৫।	মাঠ পর্যায়ের অফিস হতে বাণিজ্যিক অডিট আপত্তির অমীমাংসিত সাধারণ/অগ্রিম আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।	বিগত সভার সিদ্ধান্তের আলোকে বীজ ও উদ্যান উইং এর ১২৮টি, ক্ষুদ্রসেচ উইং এর ২৭৭টি, সার ব্যবস্থাপনা উইং এর ৮৯টি ও অর্থ উইং এর ৫১টি সর্বমোট (১২৮+২৭৭+১০৪+৫১)= ৫৫৭টি অনুচ্ছেদের কার্যপত্র পাওয়া গিয়েছে। এখানে আরো উল্লেখ্য যে, সিলেট সেক্টরের আওতায় বিভিন্ন দপ্তরের অনিষ্পন্ন ১,১৪২টি আপত্তি এবং চট্টগ্রাম সেক্টরের আওতায় অনিষ্পন্ন ২৭০৪ টি আপত্তি থাকলেও কাঙ্ক্ষিত পরিমাণ কার্যপত্র না পাওয়ায় দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা করা যাচ্ছে না। ফলে অডিট আপত্তি নিষ্পত্তি হারও কমে যাচ্ছে। এছাড়া একই প্রকৃতির এবং পুনরাবৃত্তি ক্রমপূঞ্জীভূত অনিষ্পন্ন অডিট আপত্তির তথ্য ও কার্যপত্র কাঙ্ক্ষিত পরিমাণের না পাওয়ায় কর্মপরিকল্পনা প্রভুত করা যাচ্ছে না মর্মে সভায় উল্লেখ করা হয়। সভাপতি এ বিষয়ে কোন অগ্রগতি না থাকায় অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি সংশ্লিষ্ট সকল বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তির কার্যপত্র এবং অডিট বিভাগের চাহিত তথ্যাদি আগামী সভার পূর্বেই প্রেরণের জন্য নির্দেশ দেন।	১। দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে অধিক পরিমাণ আপত্তি নিষ্পত্তির নিমিত্ত সিলেট ও চট্টগ্রাম সেক্টরের আওতায় সংশ্লিষ্ট বিভাগের আপত্তিসমূহের কার্যপত্রসহ অন্যান্য সেক্টরের আওতায় কাঙ্ক্ষিত পরিমাণ আপত্তির কার্যপত্র আগামী সভার পূর্বেই প্রেরণ করতে হবে। ২। একই প্রকৃতির এবং পুনরাবৃত্তি ক্রমপূঞ্জীভূত অনিষ্পন্ন অডিট আপত্তির তথ্য ও কার্যপত্র ৩০ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগ।
৬।	সর্বশেষ বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ সংক্রান্ত।	বিগত সভার সিদ্ধান্তের আলোকে সভায় উল্লেখ করা হয় যে, ক্ষুদ্রসেচ উইং এর আওতায় ২০০৯-১৬ নিরীক্ষা বছরের মোট ৬টি আপত্তি, ২০১৬-১৭ নিরীক্ষা বছরের ৫২টি আপত্তি এবং বীজ ও উদ্যান উইং এর আওতায় ২০০৮-১৬ নিরীক্ষা বছরের মোট ৪টি আপত্তি, ২০১৬-১৭ নিরীক্ষা বছরের ৫২টি আপত্তির ব্রডশীট জবাব পাওয়া যায় নাই। সভাপতি হালনাগাদ সময়ের জবাব প্রেরণ না করায় অসন্তোষ প্রকাশ করেন। এছাড়াও সভাপতি আগামী ৩০/১২/১৮খ্রি: তারিখের মধ্যে সকল অনুচ্ছেদের ব্রডশীট জবাব অডিট বিভাগে প্রেরণের নির্দেশনা দেন।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে আগামী ৩০/১২/২০১৮খ্রি: তারিখের মধ্যে সকল অনুচ্ছেদের ব্রডশীট জবাব প্রেরণ করতে হবে।	ক্ষুদ্রসেচ, সওকা, বীজবিতরণ, খামার, পাটবীজ ও উদ্যান বিভাগ।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন	
৭।	অভ্যন্তরীণ আপত্তি সংক্রান্ত।	অডিট নিষ্পত্তি	বিগত সভার সিদ্ধান্তের আলোকে নিয়ন্ত্রক (অডিট) সভায় অবহিত করেন যে, পুরোনো আপত্তিসহ হালনাগাদ সময়ে অভ্যন্তরীণ অডিট আপত্তির সকল জবাব প্রেরণ না করায় নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। এতে অনেক অবসর গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের দেনা পাওনা পরিশোধে দীর্ঘসূত্রিতা দেখা দিচ্ছে। বিগত সভার সিদ্ধান্তের আলোকে বিভিন্ন বিভাগ থেকে ৫৫ টি অনুচ্ছেদের ব্রডসীট জবাব পাওয়া গিয়েছে। পূর্বের প্রাপ্ত জবাবসহ মোট ৬৯টি অনুচ্ছেদের নিষ্পত্তির জারিপত্র প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর/২০১৮ হতে নভেম্বর/২০১৮ পর্যন্ত বিভিন্ন বিভাগ থেকে ২৪৫ টি অভ্যন্তরীণ অডিট আপত্তির কার্যপত্র পাওয়া গিয়েছে। যার মধ্যে ৫৬টি নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি বিভাগওয়ারী পেভিং অনুচ্ছেদসমূহের ব্রডসীট জবাব আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণের ও বছরভিত্তিক নিষ্পত্তির তথ্য কার্যপত্রে উপস্থাপনের নির্দেশনা দেন। এছাড়াও হালনাগাদ সময়ে উত্থাপিত আপত্তির জবাব প্রেরণ সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা দেন।	১। বিভাগওয়ারী পেভিং অনুচ্ছেদসমূহের ব্রডসীট জবাব আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণের ও বছরভিত্তিক নিষ্পত্তির তথ্য কার্যপত্রে উপস্থাপনের নির্দেশনা দেন। এছাড়াও হালনাগাদ সময়ে উত্থাপিত আপত্তির জবাব প্রেরণ সংক্রান্ত তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করতে হবে। ২। প্রাপ্ত কার্যপত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট দপ্তর ও অডিট বিভাগের সমন্বয়ে নিষ্পত্তি সভার মাধ্যমে অনিষ্পন্ন আপত্তিগুলো মীমাংসার ব্যবস্থা করতে হবে।	বীজ বিতরণ, উদ্যান উন্নয়ন, খামার, সার ব্যবস্থাপনা, ক্ষুদ্রসেচ, নির্মাণ ও সওকা বিভাগ।
৮।	ত্রি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত।	বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সার ব্যবস্থাপনা বিভাগ হতে ৪টি অনুচ্ছেদের পুন: ব্রডসীট জবাব পাওয়া গিয়েছে। বিস্তারিত নিম্নের ছকে দেয়া হলো সভাপতি ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে সকল আপত্তির পুন:জবাব সংশ্লিষ্ট সকল বিভাগ আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণের নির্দেশনা দেন।	ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে সকল আপত্তির পুন:জবাব সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ ৩০ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে অডিট বিভাগে প্রেরণ করবেন।	সংশ্লিষ্ট বিভাগ। সকল	
৯।	অবলোপন সংক্রান্ত।	প্রস্তাব	বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কোন বিভাগ হতে নতুন করে যাচিত তথ্যাদিসহ অবলোপন প্রস্তাব পাওয়া যায়নি। সভাপতি অবলোপন সংক্রান্ত প্রস্তাব পিএ কমিটি, ত্রি-পক্ষীয়/দ্বি-পক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন। এছাড়া মন্ত্রণালয় কর্তৃক যাচিত তথ্যাদি ও প্রমাণকসহ এবং পর্যদ সভার সিদ্ধান্ত অনুযায়ী অবলোপন প্রস্তাব আগামী সভার পূর্বে অডিট বিভাগে প্রেরণের নির্দেশনা দেন।	আগামী সভার পূর্বে সার ব্যবস্থাপনা বিভাগের ১টি (সিলেট), মন্ত্রণালয় কর্তৃক হিসাব বিভাগের ১টি অবলোপন প্রস্তাবের যাচিত তথ্যাদি ও প্রমাণকসহ প্রস্তাব পুনরায় ৩০ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে অডিট বিভাগে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগ। সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ফজলে ওয়াহেদ খোন্দকার)

চেয়ারম্যান

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৬৪৩২৮


ই-মেইল- chairman@badc.gov.bd

স্মারক নং- ১২.২৩৩.০০৬.০৪.০১.৪৭৩.২০০৭-৬৬৫

তারিখঃ ১২ ডিসেম্বর, ২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাব্যবস্থাপক (অর্থ/ক্রয়/তদন্ত/সার ব্যবস্থাপনা/বীজ/উদ্যান উন্নয়ন/এ,এস,সি/পাটবীজ) বিএডিসি, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/ সংরক্ষণ ও কারখানা/ নির্মাণ) বিএডিসি, ঢাকা।
- ৩। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
- ৪। প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/বীবি/কঃগ্রোঃ/সিডিপি গ্রুপস/খামার) বিএডিসি, ঢাকা।
- ৬। যুগ্ম-সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা/নিয়োগ ও কল্যাণ/সংস্থাপন/সাধারণ পরিচর্যা) বিএডিসি, ঢাকা।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৮। প্রকল্প পরিচালক (বীআমক/বেপবীউপ্র/ডাল ও তেলবীজ/জাতীয় সবজী বীজ/বীউ প্রকল্প) বিএডিসি, ঢাকা।
- ৯। উপ-সচিব (সমন্বয়/আইন) বিএডিসি, ঢাকা।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (সদস্য পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। আই সি টি সেল প্রধান (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১৪। অফিস কপি।


(মোহাম্মদ মৌয়াজ্জেম হোসেন)
নিয়ন্ত্রক (অডিট) চ: দা:
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫২৫৫২